রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২১, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩২/১৪ সেপ্টেম্বর ২০২৫

নং ২২.০০.০০০০.০৬৭.২৩.০০২.২৪.৩৩৭—বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ৩ ধারা অনুসারে বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ড পুনর্গঠন করা হলো:

১	মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সভাপতি
২	সিনিয়র সচিব/সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৩	সিনিয়র সচিব/সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
৪	সিনিয়র সচিব/সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	সদস্য
৫	মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা	সদস্য
৬	অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৭	মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা	সদস্য
৮	চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, ঢাকা	সদস্য
৯	মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা	সদস্য

মূল্য : টাকা ৪.০০

১০	পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনষ্টিটিউট, চট্টগ্রাম	সদস্য
১১	প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, ঢাকা	সদস্য
১২	জনাব ইশতিয়াক উদ্দিন আহমদ, সাবেক প্রধান বন সংরক্ষক ও বন্যপ্রাণী বিশেষজ্ঞ	সদস্য
১৩	চেয়ারম্যান, প্রকৃতি ও জীবন ফাউন্ডেশন, চ্যানেল আই, ঢাকা	সদস্য
১৪	কান্ট্রি রিপ্রেজেনটেটিভ, আইইউসিএন, বাংলাদেশ	সদস্য
১৫	চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত বন্যপ্রাণী বিষয়ে বিশেষজ্ঞ প্রতিনিধি।	সদস্য
১৬	চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত বন্যপ্রাণী বিষয়ে বিশেষজ্ঞ প্রতিনিধি।	সদস্য
১৭	চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত বন্যপ্রাণী বিষয়ে বিশেষজ্ঞ প্রতিনিধি।	সদস্য
১৮	ড. মোহাম্মদ আলী রেজা খান, বন্যপ্রাণী বিশেষজ্ঞ, প্রাক্তন প্রিন্সিপাল ওয়াইল্ডলাইফ স্পেশালিস্ট, দুবাই সাফারি পার্ক, দুবাই।	সদস্য
১৯	জনাব শাহরিয়ার রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, ক্রিয়েটিভ কনজারভেশন অ্যালায়েন্স	সদস্য
২০	মিজ রুবাইয়া আহমেদ, চেয়ারম্যান, অভয়ারণ্য	সদস্য
২১	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা	সদস্য
২২	জনাব মাহফুজ আহমেদ রাসেল, প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, পিটাছড়া বন ও বন্যপ্রাণী সংরক্ষণ উদ্যোগ।	সদস্য
২৩	যুগ্ম সচিব (বন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য-সচিব

কার্যপরিধিঃ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ধারা ৩(২) আলোকে বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ড, নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করবেঃ

(ক) জীববৈচিত্র্য, বন্যপ্রাণী ও বন সংরক্ষণ, উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা এবং দিক-নির্দেশনা প্রদান করা;

(খ) জীববৈচিত্র্য, বন্যপ্রাণী ও বন সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা;

(গ) জীববৈচিত্র্য, বন্যপ্রাণী ও বন সংরক্ষণ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির নিমিত্ত বিভিন্ন উদ্দীপনামূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের উপদেশ প্রদান করা;

(ঘ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কারিগরি কমিটি, উপ-কমিটি বা অন্য যে কোনো কমিটি গঠনের বিষয়ে প্রধান ওয়ার্ডেন কর্তৃক সরকারের নিকট উপস্থাপিত প্রস্তাব অনুমোদন করা;

(ঙ) প্রধান ওয়ার্ডেন কর্তৃক সরকারের নিকট উপস্থাপিত বাৎসরিক প্রতিবেদন সুপারিশসহ অনুমোদন করা;

(চ) সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত এতদসম্পর্কিত অন্যান্য দায়িত্ব পালন;

(ছ) বন্যপ্রাণী উপদেষ্টা বোর্ডের সভা ৪ মাস পর পর বছরে ৩টি সভা আয়োজন করতে হবে।

২। এ মন্ত্রণালয়ের আদেশ নং ২২.০০.০০০০.০৬৭.২৩.০০২.২৪.১৫৭, তারিখ: ২৮-০৪-২০২৫ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

পারভেজ চৌধুরী
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd